দৈনিক খবর

তারিখ ...01 MAY 1988... ...
পৃষ্ঠা... ... ...5... কলাম ...7... ...

023

# পরীক্ষা নিয়ন্ত্রকের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ

কুমিল্লা, ৩০শে এপ্রিল (নিজস্ব সংবাদদাতা)।— কুমিল্লা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রকের বিরুদ্ধে বিভিন্ন দুর্নীতি, স্বজনপ্রীতি ও পক্ষপাতিত্বের অভিযোগ পাওয়া গেছে। এমনকি পরীক্ষা সংক্রান্ত কাজে উৎকোচের বিনিময়ে ফেল করা ছাত্রকে পাস ও নম্বর বৃদ্ধিসহ বোর্ডে নানা জটিলতা দেখা দিয়েছে।

পরীক্ষক ও ছক বিন্যাসের কাজে লোক নিয়োগে অনিয়ম, অভিজ্ঞ শিক্ষক থাকা সত্বেও প্রাথমিক স্কুলের শিক্ষককে প্রধান পরীক্ষক হিসেবে নিয়োগের মাধ্যমে বিভিন্ন প্রকার সুবিধালাভের কথা জানা গেছে।

পরীক্ষায় ফেল করা ছাত্রকে কারচুপিপূর্বক পাস করানোর মত গুরুতর অভিযোগও তার বিরুদ্ধে রয়েছে। অভিযোগে প্রকাশ, মাধব-১৭৭ ক্রমিক নম্বরধারী একজন ছাত্র ইংরেজীর একটি পত্রে ২৮ নম্বর পেয়েছে। তাকে বোর্ডের প্রশাসনিক কর্মকর্তা ও উপ-পরীক্ষা নিয়ন্ত্রকের মাধ্যমে মোটা অংকের টাকার বিনিময়ে পাস করানো হয়েছে। এমনকি নিজ সন্তানের একটি পরীক্ষা পত্রে ১৭ নম্বর বাড়ানোর অভিযোগসহ নানা অপকর্মের সরাসরি অভিযোগ থাকায় বোর্ডের গোপনীয় শাখা থেকে যে কর্মকর্তাকে বহিষ্কার করা হয়েছিল পরবর্তীতে পরীক্ষা নিয়ন্ত্রকের সুপারিশে তাকে আবার সহকারী পরীক্ষা নিয়ন্ত্রকের (গোপনীয়) শাখার দায়িত্বে নিয়োগ করা হয়।